সমকাল

তারিখ ..06 MAY 2015... 
পৃষ্ঠা ...২০... কলাম...6...

# আমতলীর ১৫১ স্কুল বন্ধ রেখে বনভোজন!

■ বরগুনা প্রতিনিধি

বরগুনার আমতলী উপজেলার ১৫১টি সরকারি স্কুল একযোগে বন্ধ রেখে মঙ্গলবার বনভোজনের আয়োজন করে শিক্ষক ও প্রাথমিক শিক্ষা বিভাগ। উপজেলা পানি উন্নয়ন বোর্ড সংলগ্ন মাঠে অনুষ্ঠিত বনভোজনে অংশ নিয়েছেন সব প্রতিষ্ঠানের শিক্ষক ও শিক্ষা বিভাগের কর্মকর্তারা, রাজনৈতিক দলের নেতৃবৃন্দ ও স্থানীয় সাংসদ। তবে শিক্ষার্থী এবং শিক্ষার উন্নয়নের দিকে তাকিয়ে যে কোনো বন্ধের দিনে বনভোজনটির আয়োজন করা উচিত ছিল বলে মনে করেন স্থানীয় প্রশাসন ও সচেতন নাগরিকরা।

আমতলী উপজেলা শিক্ষা অফিস সূত্রে জানা গেছে, উপজেলায় মোট ১৫১টি সরকারি প্রাথমিক স্কুল রয়েছে। এসব বিদ্যালয়ের মোট ৭০৫ জন শিক্ষক ছুটি নিয়ে বনভোজনে অংশগ্রহণ করেছেন। এ ছাড়াও বরগুনা-১ আসনের সাংসদ অ্যাডভোকেট ধীরেন্দ্র দেবনাথ শম্ভু, উপজেলা চেয়ারম্যান জিএম দেলোয়ার, পৌর মেয়র মো. মতিয়ার রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান মো. মজিবুর রহমান, উপজেলা ভাইস চেয়ারম্যান (সংরক্ষিত) ■ পৃষ্ঠা ১৩ : কলাম ৩

## আমতলীর ১৫১

[শেষ পৃষ্ঠার পর]

মোসা. মাকসুদা আক্তার জ্যোৎস্না, উপজেলার ৭টি ইউনিয়নের চেয়ারম্যান এবং উপজেলা শিক্ষা অফিসের সব কর্মকর্তা অতিথি হিসেবে উপস্থিত ছিলেন।

উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা জ্যোতিষ চন্দ্র শীল এ ব্যাপারে বলেন, প্রধান শিক্ষকদের হাতে বছরে দু'দিন সংরক্ষিত ছুটি দেওয়ার ক্ষমতা আছে। তাই সব শিক্ষক ওই দু'দিন ছুটির আবেদন করেছিলেন। আমরা তাদের একদিনের ছুটি দেওয়ার অনুমতি দিয়েছি। তবে জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা মো. তবিবুর রহমান বলেন, অনুষ্ঠানটি বন্ধের দি ন করলে ভালো হতো।

বরগুনার জেলা প্রশাসক মীর জহুরুল ইসলাম বলেন, পরবর্তী সময়ে যাতে এভাবে আর স্কুল বন্ধ রাখা না হয় সে ব্যাপারে শিক্ষা বিভাগকে বলা হবে।